# বাংলাদেশ কৃষি ব্যাংক

## ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য

**ধারণা-১**

| | |
|---|---|
| ১। উদ্ভাবনী ধারণার শিরোনামঃ | অনলাইনে ঋণের আবেদন |
| ২। পরিচিতিঃ | ঋণ আবেদন মানে ব্যাংকে বার বার যোগাযোগ করা। প্রথমবার গ্রাহকের ঋণ গ্রহনের ইচ্ছা প্রকাশে ব্যাংকে আসাসহ গ্রাহকের ঋণ আবেদনপত্র ব্যাংকে পেশ করা – এই প্রক্রিয়াগুলো বেশ সময় স্বাপেক্ষ। গ্রাহকে বার বার আসতে হয়, ধৈর্য্য পরীক্ষা দিতে হয়। এছাড়া গ্রাহকেরও সুস্পষ্ট ধারণা থাকে না ঋণ পেতে তার কি কি কাগজপত্র লাগবে। নতুন ঋণ দেবার ক্ষেত্রে অনেক সময় কর্মকর্তারা উদাসীন থাকে। অনেক কর্মকর্তা ঝুঁকি নিতে চান না তাই নতুন ঋণ দেন না। কাজেই ব্যাংকের উপার্জনের মূল ভিত্তি ঋণ কার্যক্রম ব্যাহত হয়। |
| ৩। উদ্দেশ্যঃ | ঋণ আবেদন সহজ করা। |
| ৪। কর্মপদ্ধতিঃ | কৃষি ব্যাংক থেকে যে সব গ্রাহক ঋণ নিতে চান তাদের জন্য একটা আলাদা ওয়েবসাইট তৈরি করা হবে। ঋণ গ্রহণে আগ্রহী গ্রাহক ওয়েব সাইট এ যেয়ে ঋণ সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ পাবেন। কিভাবে ঋণ আবেদন করতে হয় তাও ভিডিও টিউটোরিয়াল হিসেবে পাবেন। এর পর গ্রাহক সংক্ষিপ্ত রেজিস্ট্রেশন করবেন। |
| ৫। উপকারিতা/সুফলঃ | • অনেক বিনিয়োগকারী বিশেষ করে কৃষক/ক্ষুদ্র বিনিয়োগকারীরা জানে না সে লোন পেতে পারে কিনা, ফলে সে ভয় পায়, দালালের কাছে যায় বা অন্য কারো কাছ থেকে উচ্চ সুদে টাকা ধার নেয়। নতুন ওয়েব বেইজড সফটওয়্যার এ ঋণ আবেদন এর সকল নিয়ম-কানুন অত্যন্ত সহজ ভাষায় লেখা থাকবে এবং ঋণ এর টিউটোরিয়াল ভিডিও আকারে দেয়া থাকবে বিধায় আবেদনকারী খুব সহজে সকল তথ্য জানতে পারবে।<br>• শাখা কর্তৃক গ্রাহকের প্রাথমিক কাগজপত্র যাচাই করে গ্রাহককে এস এম এস, মোবাইল কল , ইমেইল ইত্যাদি মাধ্যমে পুনর্নিবেশ (ফিডব্যাক) প্রদান করা হবে । এছাড়া কাগজপত্রের অসুবিধা থাকলে সে বিষয়েও নির্দেশনা দেয়া হবে।<br>• প্রধান কার্যালয় কর্তৃপক্ষ/ আঞ্চলিক কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যবেক্ষণের কারণে কোন ঋণ আবেদনকেই আবহেলা করার সুযোগ থাকবে না।<br>• গ্রাহক হয়রানির শিকার হলে অনলাইনে অভিযোগের ব্যবস্থা থাকবে। |
| ৬। বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ | সফটওয়্যারটি বাস্তবায়নে বিশেষ কোন অর্থের প্রয়োজন হবে না। |
| ৭। বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ) | ৩১শে মে , ২০১৯ |
| ৮। সুবিধাভোগীর ব্যয়(যদি থাকে) | অনলাইনে আবেদনের ক্ষেত্রে ঋণগ্রহীতাকে ইন্টারনেট ব্যবহার করতে যে খরচ লাগবে তা ব্যয় করতে হবে। |

| | |
|---|---|
| ৯। সম্প্রসারণের সুযোগ (যদি থাকে) | ঋণ প্রডাক্টের প্রচারণায় নতুন একটা প্লাটফর্ম হবে ওয়েবসাইট। |
| ১০। সম্ভাব্য ঝুঁকিঃ | যেহেতু যে কোন সফটওয়্যার চালু হওয়ার পর তা ভাইরাস আক্রান্ত বা হ্যাক হওয়ার আশংকা থাকে, সেহেতু এই সফটওয়্যার এর ক্ষেত্রে ব্যাকআপ সার্ভার থাকবে, এছাড়া কোডিং এ হ্যাকিং প্রতিরোধী টুলস / কোডিং সংযুক্ত থাকবে। |

ধারণা প্রদানকারীর নাম ও পদবীঃ এস এম মাহবুব আলম, সহকারী প্রোগ্রামার

## ধারণা -২

| | |
|---|---|
| ১। উদ্ভাবনী ধারণার শিরোনামঃ | Foreign Remittance Receiver ID Card (FID Card) |
| ২। পরিচিতিঃ | ফরেন রেমিটেন্স প্রদান |
| ৩। উদ্দেশ্যঃ | রেমিটেন্স গ্রহীতাদের ডাটাবেস তৈরি করে FID Card সরবরাহ করে গ্রাহকের চাহিদ মোতাবেক ওয়ানস্টপ সার্ভিসের মাধ্যমে ১০ মিনিটের মধ্যে টাকা প্রদান। |
| ৪। কর্মপদ্ধতিঃ | ১। রেমিটেন্স গ্রহীতাদের ডাটাবেস তৈরি,<br>২। রেমিটেন্স গ্রহীতাদের কার্ড প্রদান<br>৩। ওয়ান স্টপ ডেস্ক চালু<br>৪। অটো ভাউচার এ টাকা প্রদান। |
| ৫। উপকারিতা/সুফলঃ | গ্রাহক সেবার মান বৃদ্ধি, গ্রাহক বৃদ্ধি, আমানত বৃদ্ধি, হয়রানী ও ভোগান্তি রোধ ইত্যাদি। |
| ৬। বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ | শাখা প্রতি ১০,০০০ টাকা। |
| ৭। বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ) | ১৫ জুন, ২০১৯ |
| ৮। সুবিধাভোগীর ব্যয়(যদি থাকে) | গ্রাহকের কোন ব্যয় হবে না। |
| ৯। সম্প্রসারণের সুযোগ (যদি থাকে) | সকল ব্যাংকিং প্রতিষ্ঠানে অনুরূপ সেবা প্রদান করা যাবে। |
| ১০। সম্ভাব্য ঝুঁকিঃ | তেমন কোন ঝুঁকি নাই। |

ধারণা প্রদানকারীর নাম ও পদবীঃ মোহাম্মদ ফয়জুর রহমান শহীর, সহকারী মহাব্যবস্থাপক